বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস

**অফিস অব দি চীফ প্লানিং, ডেভেলপমেন্ট এন্ড ওয়ার্কস**
বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস্ (বিইউপি)
মিরপুর সেনানিবাস, ঢাকা-১২১৬
ফোন ঃ (অফিস) ৮০০০৪৪২
ফ্যাক্সঃ ৮০৩৫৯০৩

**OFFICE OF THE CHIEF PLANNING, DEVE & WORKS**
BANGLADESH UNIVERSITY OF PROFESSIONALS (BUP)
MIRPUR CANTT, DHAKA-1216
Phone : (Off) 8000442
Fax: 8035903

বিইউপি/CPDW/২০২৪-২০২৫/ ২৩ অক্টোবর ২০২৪/ ০৭ কার্তিক ১৪৩১

**নিলাম বিজ্ঞপ্তি**

এতদদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস (বিইউপি) এর একাডেমিক ভবনের ছাদ হতে অপসারিত স্থাপনার অব্যবহৃত মালামাল ও প্রধান পরিকল্পনা, উন্নয়ন ও পূর্ত অফিসের সিভিল, ইলেকট্রিক্যাল এবং ফার্নিচার আইটেসমূহের পুরাতন মালামাল বিইউপি অফিস আদেশ নং-৫৪৩/২০২৪ তারিখ ০৯ সেপ্টেম্বর ২০২৪ অনুযায়ী উন্মুক্ত নিলামের মাধ্যমে বিক্রয় করা হবে। উক্ত নিলাম ডাক আগামী ৩০ অক্টোবর ২০২৪ সকাল ১১০০ ঘটিকায় বিইউপি'র ডরমিটরি ভবনের সম্মুখ এলাকায় অনুষ্ঠিত হবে। আগ্রহী সকল ব্যক্তি/ প্রতিষ্ঠানকে অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

শর্তাবলি:

১। আগ্রহী ব্যক্তি/ প্রতিষ্ঠান আগামী ২৭-২৯ অক্টোবর ২০২৪ এর মধ্যে বিজ্ঞপ্তি প্রদানকারী অফিস হতে নিলামযোগ্য সরঞ্জামাদির তালিকা সংগ্রহ করে পে-অর্ডার সহ অন্যান্য কাগজপত্রাদি সংযুক্ত করে ৩০ অক্টোবর ২০২৪, ১০৩০ ঘটিকার পূর্বে ড্রপ বক্সে জমা দিতে হবে।

২। জামানত বাবদ পে-অর্ডার Chief Planning, Dev & Works. BUP বরাবর লট-১ এর জন্য ৫০,০০০.০০ (পঞ্চাশ হাজার মাত্র) টাকা এবং লট-২ এর জন্য ৫,০০০.০০ (পাঁচ হাজার মাত্র)।

৩। সর্বোচ্চ ডাককারীকে কার্যাদেশ প্রদান করা হবে। কার্যাদেশ প্রাপ্ত ডাক দাতা যদি ক্রয় করতে অনিচ্ছুক হয় তবে তার জামানত বাজেয়াপ্ত হবে এবং ২য় সর্বোচ্চ ডাককারীকে কার্যাদেশ প্রদান করা হবে।

৪। সর্বোচ্চ ডাককারীকে ডাকের সমুদয় টাকা পরিশোধসহ উক্ত টাকার উপর অতিরিক্ত ১৫% ভ্যাট (কোড নং-১১৪১১০১) এবং ১০% আয়কর (কোড নং-১১১১১০১) নিলাম পরবর্তী এক সপ্তাহের মধ্যে জমা পূর্বক মালামাল নিজ খরচে অপসারণ করতে হবে। অন্যথায় জমাকৃত জামানত বাজেয়াপ্ত পূর্বক দ্বিতীয় সর্বোচ্চ ডাককারীকে কার্যাদেশ প্রদান করা হবে।

৫। দুই/ ততোধিক নিলাম ডাককারীর সর্বোচ্চ দর একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৬। মালামালের সঠিক পরিমাণের (ওজন/ সংখ্যা) উপর মূল্য পরিশোধ করতে হবে।

৭। নিলাম ডাক বাতিল বা গ্রহণ করার সকল ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

মোঃ বজলুর রশীদ
মেজর
উপ-পরিচালক (পরিকল্পনা, উন্নয়ন ও পূর্ত)
ও
সভাপতি
নিলাম কমিটি, বিইউপি